দৈনিক
জনকণ্ঠ

তারিখ 16 NOV 2006
পৃষ্ঠা 12 কলাম 2

# ইডেন কলেজ ছাত্রদলের বিশ নেত্রীকে হল ত্যাগের নির্দেশ

স্টাফ রিপোর্টার ॥ ইডেন কলেজের ছাত্রদলের বি
নেত্রীকে হল ত্যাগের নির্দেশ দিয়েছে কর্তৃপক্ষ। গত দু'দি
ধরে কলেজে অবৈধ ছাত্রী হিসেবে তাদের নাম লি
নোটিস টাঙ্গিয়ে দেয়া হয়। নোটিস টাঙ্গানোর পর তা
ছিঁড়ে ফেলেছে কাগজের নোটিসটি। তৃতীয় দফা নোটি
টাঙ্গানোর পর ছাত্রদলের নেত্রীদের এই কর্মকাণ্ডে কলে
কর্তপক্ষ বিপাকে পড়েছেন। এই উদ্ভূত পরিস্থিতি নিরস
বুধবার কলেজ অধ্যক্ষ শিক্ষা মন্ত্রণালয়ের ডিজির সঙ্গে দে
করেন।

জানা গেছে, গত কয়েক দিন ছাত্রদলের দু'গ্রুপের মুখোমু

(১২ পৃষ্ঠা ১-এর কঃ দেখুন)

## ইডেন কলেজ ছাত্রদলের

(১২-এর পাতার পর)

সংঘর্ষ, সাবেক জোট এমপি পিন্টু গভীর রাতে
প্রবেশসহ নানা ঘটনায় অশান্ত হয়ে উঠেছে ইডেন কলে
এ নিয়ে দেশের নামকরা এই শিক্ষা প্রতিষ্ঠানের ১৫ হা
শিক্ষার্থীর শিক্ষার পরিবেশ অনিশ্চিত হয়ে পড়েছে।
কয়েকদিন কলেজ ক্যাম্পাস ও হলগুলোতে ছাত্রদ
দু'গ্রুপের সশস্ত্র মহড়া চলছে। এই আতঙ্কে অনেক সাধ
ছাত্রী হল ত্যাগ করেছে। শত শত শিক্ষার্থী কলেজে আ
বন্ধ করে দিয়েছে। অনেক অভিভাবক জনকণ্ঠে ফোন ক
তাদের ক্ষোভের কথাও বলেন, রাজনৈতিক দলের এ
নেত্রীর জন্য আমাদের মেয়েদের পড়ালেখা করানো য
না, এমনও প্রশ্ন করেছে অনেকে।

জানা গেছে, বুধবার কলেজ অধ্যক্ষ শিক্ষা মন্ত্রণাল
মহাপরিচালক দিলারা হাফিজের সঙ্গে দেখা করেন। তি
কঠোর নির্দেশ দেন হল থেকে অবৈধ ২০ ছাত্রীকে বের ক
দেয়ার জন্য। এর আগে শিক্ষাসচিব একই নির্দেশ
কলেজ অধ্যক্ষকে। ছাত্রদলের নেত্রীদের এসব কর্মক
তিন হল প্রভোস্ট পদত্যাগ পত্র জমা দেন অধ্যক্ষের কা
তারপরও কোন সুরাহা হচ্ছে না।

কলেজ কর্তৃপক্ষ বলছে, ছাত্রী হিসেবে অনেক আগে এ
শিক্ষাজীবন শেষ হলেও এই বিশ নেত্রী বছরের পর ব
হলে অবস্থান করছে। অবৈধ ছাত্রী হিসেবে পরিচিত
ছাত্রদল নেত্রী হচ্ছে, ইডেন কলেজ সাবেক ছাত্রদ
আহ্বায়ক, মুকুল, বর্তমান ছাত্রদলের আহ্বায়ক সে
আক্তার, নিশিতা, ছাত্রদলের যুগ্ম আহ্বায়িকা শাহিনূর বে
সাগর, আফরিন জাহান সীমা, তাশলিমা আক্তার রেহা
আফরিফা সুলতানা রুমা, শওকত আরা উর্মি। সদস